



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)  
বাড়ি-৬, সোনারগাঁ জনপথ, সেক্টর-১১, উত্তরা, ঢাকা-১২৩০  
[www.dknvat.gov.bd](http://www.dknvat.gov.bd)

আদেশ নং-০৬/ঢাকা উত্তর/জনপ্রশাসন/২০২০

তারিখ: ০৯/০৯/২০২০খ্রিঃ

অফিস আদেশ

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), সদর দপ্তর, ঢাকা এর বিভিন্ন শাখাসমূহের কার্যাবলী সংক্রান্ত সর্বশেষ আদেশ নং-২(২৩)-১/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/বিবিধ/দপ্তর আদেশ/২০১২/২২৭(৩৫), তারিখ-১৩/০৭/২০২০খ্রিঃ অনুযায়ী সদর দপ্তরে কর্মরত/পদস্থকৃত ডেপুটি/সহকারী কমিশনার কমিশনারগণকে নামের পাশে কলাম-৩ এ বর্ণিত শাখার দায়িত্ব পালনের জন্য বলা হলোঃ

ক্র/নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব ও কর্তব্য
(০১)	(০২)	(০৩)
১।	মিজ্ এবিলিন সাংমা ডেপুটি কমিশনার-১	১. জনপ্রশাসন শাখা ২. গোপনীয় শাখা ৩. আইন, বিচার ও এডিআর শাখা ৪. বকেয়া শাখা ৫. মূসক নীতি ও বাস্তবায়ন শাখার অন্তর্ভুক্তঃ (i) দাখিলপত্র সংক্রান্ত উপশাখা ও (ii) উপকরণ উৎপাদ সহগ ও মূল্য সংক্রান্ত উপশাখা ৬. কমিশনার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্য যেকোন দায়িত্ব পালন
২।	জনাব কাজী ইরাজ ইশতিয়াক ডেপুটি কমিশনার-২	১. মূসক অডিট শাখা (ধারা-৭৩ এর আওতায় কর নির্ধারণী ব্যতীত) ২. স্থানীয় রাজস্ব অডিট শাখা ৩. পরিসংখ্যান শাখা ৪. সাধারণ শাখা, এবং পূর্ত ও লজিস্টিক শাখা ৫. গোয়েন্দা/প্রিভেন্টিভ ও তদন্ত শাখা ৬. কমিশনার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্য যেকোন দায়িত্ব পালন
৩।	মিজ্ আরজিনা খাতুন সহকারী কমিশনার-১	১. মূসক অডিট শাখার অন্তর্ভুক্ত ধারা-৭৩ এর আওতায় কর নির্ধারণীর বিষয়সমূহ ২. মূসক নীতি ও বাস্তবায়ন শাখার অন্তর্ভুক্তঃ মূসক নীতি ও বাস্তবায়ন উপ-শাখা ৩. মূসক নিবন্ধন শাখা (অন-লাইন রিটার্নসহ) ৪. কাস্টমস শাখা ৫. গ্রহণ ও প্রেরণ শাখা ৬. কমিশনার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্য যেকোন দায়িত্ব পালন
৪।	জনাব মাহবুব উদ্দিন আহমেদ সহকারী কমিশনার-২	১. তথ্য প্রযুক্তি উন্নয়ন ও ডাটা প্রসেসিং শাখা ২. USAID প্রদত্ত ফান্ডের অধীন প্রকল্পসমূহের জন্য পণ্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূসক অব্যাহতি কুপণ প্রত্যয়ন (মূসক নীতি ও বাস্তবায়ন শাখার আওতাভুক্ত) ৩. রিফান্ড ও প্রত্যর্পণ শাখা ৪. হিসাব শাখা ৫. কমিশনার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্য যেকোন দায়িত্ব পালন
৫।	জনাব আবদুল হান্নান চৌধুরী সহকারী কমিশনার-৩	১. জনসংযোগ ও প্রচার শাখা ২. কমিশনার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্য যেকোন দায়িত্ব পালন
৬।	জনাব মোঃ আব্দুস সাত্তার সহকারী কমিশনার-৪	১. সার্ভিস ডেস্ক ২. কমিশনার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্য যেকোন দায়িত্ব পালন

২। সদর দপ্তরের অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন লক্ষ্যে Routing অফিসার হিসেবে VOP হতে সরবরাহকৃত ইউজার আইডি ও পাসওয়ার্ড, VOP এর সাথে ই-মেইল/যোগাযোগপূর্বক বাতিল করতে হবে। একই সাথে সদর দপ্তরে সদ্য যোগদানকৃত সহকারী কমিশনার মিঞ্জ আরজিনা খাতুন VOP এর সাথে যোগাযোগপূর্বক সদর দপ্তরের অনলাইন নিবন্ধন কার্যক্রমের জন্য নতুন পাসওয়ার্ড সংগ্রহ করবেন। উক্ত ইউজার আইডি ও পাসওয়ার্ডের গোপনীয়তার ব্যত্যয় হলে, উক্ত কর্মকর্তা দায়ি থাকবেন।

৩। দাখিলপত্র সংক্রান্ত উপশাখা হতে দাখিলপত্র পর্যালোচনায় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় কর নির্ধারণের প্রয়োজন হলে, দাখিলপত্র উপশাখা হতে এ বিষয়ে সুনির্দিষ্ট প্রতিবেদন, পরবর্তী আদায় সংক্রান্ত কার্যক্রমের জন্য মুসক অডিট শাখায় প্রেরিত হবে।

৪। উপরোক্ত কর্মকর্তাগণের ছুটি/অনুপস্থিতি/শূন্যতাজনিত ক্ষেত্রে ডেপুটি কমিশনার-১ ও ডেপুটি কমিশনার-২ একে অপরের ছুটি প্রতিস্থাপক হিসেবে দায়িত্ব পালন করবেন। কোন কারণে ০২ (দুই) জন ডেপুটি কমিশনার অনুপস্থিত থাকলে সেক্ষেত্রে সহকারী কমিশনার-১ ছুটি প্রতিস্থাপক হিসেবে দায়িত্ব পালন করবেন। সহকারী কমিশনার-১ ও সহকারী কমিশনার-২ একে অপরের ছুটি প্রতিস্থাপক হিসেবে দায়িত্ব পালন করবেন। কোন কারণে সহকারী কমিশনার-১ ও ২ দু'জন কর্মকর্তা অনুপস্থিত থাকলে সেক্ষেত্রে ডেপুটি কমিশনার-১ ছুটি প্রতিস্থাপক হিসেবে দায়িত্ব পালন করবেন। তাছাড়া, সহকারী কমিশনার-৩ ও ৪ এর অনুপস্থিতিতে সহকারী কমিশনার-২ ছুটি প্রতিস্থাপক হিসেবে দায়িত্ব পালন করবেন।

৫। এ দপ্তরের পত্র নং-২(৭)-১/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/০১/২০০৫/অংশ-১/২২৮(৭), তারিখ: ১৩/০৭/২০২০খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত আদেশ নং-০৪/ঢাকা উত্তর/জনপ্রশাসন/২০২০ রহিতক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
জাকিয়া সুলতানা  
কমিশনার  
ফোন-০২-৫৫০৮০৩১৫  
ফ্যাক্স-০২-৫৫০৮০৩২৩  
ই-মেইল commdkn@gmail.com

নথি নং-২(৭)-১/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/১/২০০৫/অংশ-১/২৯৭(৭)

তারিখ: ০৯/০৯/২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ২। যুগ্ম-কমিশনার-১/২, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গুলশান/গাজীপুর/টংগী/ময়মনসিংহ/নেত্রকোণা/কিশোরগঞ্জ/শেরপুর বিভাগ।
- ৪। ডেপুটি/সহকারী কমিশনার (সকল), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), সদর দপ্তর, ঢাকা।
- ৫। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৬। শাখা প্রধান, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), সদর দপ্তর, মানবসম্পদ ব্যবস্থাপনা/হিসাব/গোপনীয়/সাধারণ, পূর্ত ও লজিস্টিক/মুসক ও বাস্তবায়ন/নিরীক্ষা/গ্রহণ ও প্রেরণ/পরিসংখ্যান/ বকেয়া/রিফান্ড/আইন ও বিচার/কম্পিউটার/তথ্য প্রযুক্তি উন্নয়ন/ কাস্টমস্/সার্ভিস ডেস্ক/জনসংযোগ ও প্রচার শাখা।
- ৭। পিএটু কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)(কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

ড. মোহাম্মদ তাজুল ইসলাম  
অতিরিক্ত কমিশনার